



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
www.jessoreboard.gov.bd

বিজ্ঞপ্তি নং ক/নি-৩২৫

তারিখ: ২১/০৭/২০১৯ খ্রি.

২০১৯-২০২০ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ম্যানুয়াল ভর্তি, সকল রেজিস্ট্রেশন, সোনালী সেবার মাধ্যমে ফি জমা প্রদান, ভর্তি রিপোর্ট দাখিল এবং বিষয়/শাখা পরিবর্তন সংক্রান্ত বিজ্ঞপ্তি

এ বোর্ডের আওতাধীন সকল কলেজ/ উচ্চমাধ্যমিক বিদ্যালয়ের অধ্যক্ষ/প্রধান শিক্ষকদের নিম্নবর্ণিত নির্দেশনা অনুসরণ করে ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তি, রেজিস্ট্রেশন এবং সোনালী সেবার মাধ্যমে ফি জমা প্রদান করে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

অনলাইনে ভর্তিকৃত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন:

অনলাইনে ভর্তিকৃত শিক্ষার্থীদের চলমান রেজিস্ট্রেশন ৩১/০৭/২০১৯ খ্রি. তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে (xiclassadmission.gov.bd এর College login)। শিক্ষার্থীদের বিষয়, ছবি এবং অন্যান্য তথ্যাদি সতর্কতার সাথে যাচাই-বাছাই করে যুক্ত করতে হবে। রেজিস্ট্রেশন সম্পন্ন হবার পর রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীদের প্রিন্ট আউট নিয়ে শিক্ষার্থীদের দ্বারা যাচাই করে স্বাক্ষর নিতে হবে এবং ৩ সদস্য বিশিষ্ট কমিটির মাধ্যমে রেজিস্ট্রেশনের বিষয়, ছবি ও অন্যান্য তথ্য মাধ্যমে যাচাই করে চূড়ান্ত তালিকা সংরক্ষণ করতে হবে।

৪র্থ পর্যায়ের ম্যানুয়াল ভর্তি:

৪র্থ পর্যায়ে ম্যানুয়াল ভর্তির কার্যক্রম ইতঃপূর্বে ঘোষিত পদ্ধতি ও সময়সূচি অনুসারে সম্পন্ন করতে হবে। যশোর শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে Student Management অপশন হতে লগইন করে ম্যানুয়ালি ভর্তিকৃত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন ২৪/০৮/২০১৯ হতে ৩১/০৮/২০১৯ খ্রি. তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে।

সোনালী সেবার মাধ্যমে ফি প্রদান (একটিমাত্র রসিদের মাধ্যমে) :

নির্ধারিত খাত ব্যতীত অন্য খাতে ফি প্রদান করলে ফি গ্রহণযোগ্য হবে না।

ফির ধরন , ফির পরিমাণ/হার ও সোনালী সেবার খাত	ব্যংকে জমা দেওয়ার তারিখ
ম্যানুয়াল ভর্তি শিক্ষার্থী প্রতি ৪৪৫/-, পাঠ বিরতি ফি শিক্ষার্থী প্রতি ১৫০/- টাকা এবং বার্ষিক ক্রীড়া মঞ্জুরী ফি প্রতিষ্ঠান প্রতি ২০০/- হারে মোট ফি "ম্যানুয়াল ভর্তি, পাঠ বিরতি ও ক্রীড়া মঞ্জুরী ফি" খাতে অটোজেনারেটেড একটিমাত্র রসিদের মাধ্যমে জমা দিতে হবে।	০১/০৯/২০১৯ হতে ০৫/০৯/২০১৯ খ্রি. তারিখের মধ্যে

একাডেমিক ট্রান্সক্রিপ্ট, নিশ্চায়ন তালিকা, রেজিস্ট্রেশন তালিকা এবং সোনালী সেবার রসিদ সংরক্ষণ ও রিপোর্ট দাখিল:

কলেজ কর্তৃক নিশ্চায়নকৃত শিক্ষার্থীদের তালিকা, চূড়ান্ত রেজিস্ট্রেশন তালিকা, সোনালী সেবার রসিদগুলির বোর্ডের অংশ এবং শিক্ষার্থীদের একাডেমিক ট্রান্সক্রিপ্ট (বিভাগওয়ারি প্যাকেটকৃত) অধ্যক্ষ/প্রধান শিক্ষক নিজ হেফাজতে সংরক্ষণ করবেন এবং ০১/০৯/২০১৯ হতে ০৫/০৯/২০১৯ খ্রি. তারিখের মধ্যে institute.jessoreboard.gov.bd লিংক থেকে লগইন করে Eleven Class Admission Report-এ ভর্তি সংক্রান্ত রিপোর্ট সাবমিট করবেন। রিপোর্ট সাবমিটের পর বোর্ডের প্রাপ্য সর্বমোট ফির (ম্যানুয়াল ভর্তি শিক্ষার্থী প্রতি ৪৪৫/-, পাঠ বিরতি ফি প্রযোজ্য ক্ষেত্রে শিক্ষার্থী প্রতি ১৫০/- টাকা এবং বার্ষিক ক্রীড়া মঞ্জুরী ফি প্রতিষ্ঠান প্রতি ২০০/- হারে) একটি অটোজেনারেটেড সোনালী সেবার ফরম এবং একটি রিপোর্ট ফরম প্রিন্ট করে নিতে হবে। যেকোন সোনালী ব্যাকের শাখায় সোনালী সেবার ফি জমা দিতে হবে।

একাডেমিক ট্রান্সক্রিপ্ট কোন প্রকার সিল প্রদান করা যাবে না বা কলম দিয়ে কিছু লেখা যাবে না (ভর্তি বিজ্ঞপ্তিতে জানানো হয়েছিল)।

নির্ধারিত সময়ের মধ্যে (ফি ব্যতীত) বিষয়/শাখা পরিবর্তন:

সংশ্লিষ্ট কলেজকে বিজ্ঞপ্তির মাধ্যমে শিক্ষার্থীদের বিষয় এবং সংশ্লিষ্ট কলেজের নির্ধারিত জিপিএ ও আসন শূন্য থাকা সাপেক্ষে শাখা পরিবর্তনের আবেদন সংগ্রহ করে ০১/০৯/২০১৯ থেকে ১৫/০৯/২০১৯ খ্রি. তারিখের মধ্যে ফি ব্যতীত অনলাইনে বিষয়/শাখা পরিবর্তন করে নিতে হবে। এই সময়ের পরে নির্ধারিত ফি দিয়ে বিষয়/শাখা পরিবর্তন করতে হবে।

২১/০৭/২০১৯

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর।

E-mail: ic@jessoreboard.gov.bd

ফোন: ০৪২১-৬৮৬৩৮